

খেলা যখন

নদীর পেটে লুকিয়ে থাকত ভ্রমর
বাঁধের ওপর অন্য দেশের পাখি
ডানার নিচে শহর ছিল শুধু
লাটাই বলত তোমায় বেঁধে রাখি

ঘুড়ির সাথে রোদের ন্যাড়া ছাদে
তখন ছিল অল ডে টিকিট ট্রামের
জানলা দিয়ে তোমার শহর দ্যাখা
ওম পাঠানো সন্সবেলার খামে

উলের টুপি লাল সোয়েটার গায়ে
তখন ছিল নরম পুলিপিঠে
ট্র্যাফিক আলোয় আলতো ছুঁয়ে যেত
বসন্তকাল অটোর ব্যাক সিটে

সেখান থেকে উঠে আসতে গিয়ে
আজকে হঠাৎ পড়ে যাচ্ছে মনে
এখন তো নয়, আগে ওসব হত
খেলা যখন ছিল তোমার সনে

স্মরণজিৎ চত্রবর্তী

